

নং- ২০.০০.০০০০.৩০৪.১১.০৪৮.১৯. ৩৬৩

তারিখ: ২৯ আশ্বিন, ১৪২৮
১৪ অক্টোবর, ২০২১

নিয়োগ আদেশ

পরিকল্পনা বিভাগের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে রাজস্ব খাতের অধীন 'সার্টার' পদে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৯ নং প্রেডে ৮৫০০-২০৫৭০/- টাকার বেতন স্কেলে সরকার কর্তৃক প্রদেয় প্রচলিত অন্যান্য ভাতাদিসহ ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে পরিকল্পনা বিভাগে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রঃ নং	রোল নং	প্রার্থীর নাম পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা
০১	৭০০০৬	মোঃ আসাদুজ্জামান মিলন পিতা- মোঃ আলী হোসেন মাতা- মোছাঃ ফাতেমা	আংগারপাড়া, কুন্দপুকুর, পুলেরহাট, নীলফামারী সদর, নীলফামারী


০২। নিয়োগের শর্তাবলী:

- (ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে এবং ০২ (দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে;
- (খ) শিক্ষানবিসকালে আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এ নিয়োগ একমাসের নোটিশ দ্বারা বাতিল করতে পারবে। যোগদানের পর নিয়োগপ্রাপ্ত প্রার্থী চাকরি পরিত্যাগ করতে চাইলে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে অথবা ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে চালানমূলে জমা প্রদান করতে হবে;
- (গ) পুলিশ তদন্তে চারিত্রিক ও প্রাক-পরিচিতি প্রতিবেদন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে চাকরি হতে অপসারণ করা হবে;
- (ঘ) বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এই নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;
- (ঙ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র গ্রহণপূর্বক এ বিভাগে জমা প্রদান করতে হবে;
- (চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে যে কোন সরকারি হাসপাতাল থেকে নিজ ব্যবস্থাপনায় 'ডোপ টেস্ট' করতে হবে। ডোপ টেস্ট প্রতিবেদনে বিরূপ (মাদকাসক্ত বা এরূপ কোন নেশাগ্রস্ততার প্রমাণ) কোন ফলাফল পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ছ) এ নিয়োগ আদেশ প্রাপ্তির পর নিজ জেলার সিভিল সার্জনের নিকট উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা করতে হবে। সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষা এবং ডোপ টেস্ট প্রতিবেদনের মূলকপি যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে;
- (জ) চাকরিতে যোগদানের সময় জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে।
- (ঝ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (ঞ) এ চাকরিতে যোগদানের জন্য কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৩। অনুচ্ছেদ ০২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে, নিয়োগপ্রাপ্ত প্রার্থী আগামী ০১ নভেম্বর ২০২১ তারিখ সোমবার সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে যোগদান পত্র দাখিল করবেন। নির্ধারিত তারিখে অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫:০০ ঘটিকার) মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে আগ্রহী/সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। এ নিয়োগ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।



২৪/১০/২০২১
(সামিহা ফেরদৌসী)
উপসচিব
ফোনঃ ৯১৮০৮৪৬

নং- ২০.০০.০০০০.৩০৪.১১.০৪৮.১৯. ৩৫৬

তারিখ: ২৯ আশ্বিন, ১৪২৮
১৪ অক্টোবর, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫) অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬) যুগ্ম-সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭) মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৮) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯) সিভিল সার্জন, জেলা (সরকারি চাকরিতে যোগদানের ক্ষেত্রে স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১০) সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২) চীফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩) হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১৪) জনাব/বেগম.....
- ১৫) সংশ্লিষ্ট নথি।


২৪/১০/২০২১
(সামিহা ফেরদৌসী)
উপসচিব